# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ নবম অধ্যায় - হত্যা ও যুদ্ধ-জিহাদ

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৯. ৩. ২. ৫. ভিমরুল দিয়ে গণহত্যা

বাইবেলে বার বার বলা হয়েছে যে, ঈশ্বর ধার্মিকদের পক্ষে ভিমরুল পাঠিয়ে গণহত্যা সাধন করেন। একস্থানে বাইবেল বলছে: ‘‘হিব্বিীয়, কেনানীয় ও হিট্টীয়দের তোমাদের সামনে থেকে তাড়িয়ে দেবার জন্য আমি তোমাদের আগে আগে ভিমরুল পাঠিয়ে দেব।’’ (হিজরত/ যাত্রাপুস্তক ২৩/২৮)

অন্যত্র বলা হয়েছে: ‘‘তোমাদের মাবুদ আল্লাহ তোমাদের হাতের মুঠোয় যে সব জাতি এনে দেবেন তাদের সবাইকে তোমাদের ধ্বংস করে ফেলতে হবে। ... এর পরেও তাদের মধ্যে যারা বেঁচে যাবে এবং তোমাদের কাছ থেকে নিজেদের লুকিয়ে রাখবে তোমাদের মাবুদ আল্লাহ তাদের মধ্যে ভিমরুল পাঠিয়ে দেবেন আর তারা সবাই ধ্বংস হয়ে যাবে। ... তোমাদের মাবুদ আল্লাহই তোমাদের সামনে থেকে ঐ সব জাতিকে আস্তে আস্তে তাড়িয়ে দেবেন। ... তোমাদের মাবুদ আল্লাহ ভীষণ বিশৃঙ্খলার মধ্যে ফেলে তোমাদের হাতে তাদের তুলে দেবেন যতক্ষণ না তারা একেবারে ধ্বংস হয়ে যায়। তাদের বাদশাহদেরকে তিনি তোমাদের হাতে তুলে দেবেন তোমরা তাদের নাম দুনিয়া থেকে মুছে ফেলবে। কেউ তোমাদের বাধা দিয়ে রাখতে পারবে না; তোমরা তাদের ধ্বংস করে ফেলবে।’’ (দ্বিতীয় বিবরণ ৭/১৬, ২০-২৪)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14541

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন